

# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৩২]

পর্ব-১২: তাত্ববীক্ক (রুকু'তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ১: তাত্ববীক্ক প্রসঙ্গে

باب التطبيق

#### আরবী

أَخْبَرَنَا نُوحُ بْنُ حَبِيبٍ، قال: أَنْبَأَنَا ابْنُ إِدْرِيسَ، عَنْ عَاصِمِ بْنِ كُلَيْبٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَسْوَدِ، عَنْ عَلْقَمَةً، عَنْ عَبْدِ اللَّهِ، قال: عَلَّمَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّلَاةَ فَقَامَ فَكَبَّرَ فَلَمَّا أَرَادَ أَنْ يَرْكَعَ طَبَّقَ يَدَيْهِ بَيْنَ رُكْبَتَيْهِ وَرَكَعَ فَبَلَغَ ذَلِكَ سَعْدًا فَقَالَ: صَدَقَ أَخِي قَدْ كُنَّا نَفْعَلُ هَذَا، ثُمَّ أُمِرْنَا بِهَذَا يَعْنِي الْإِمْسَاكَ بِالرُّكَبِ.

تخریج دارالدعوه: سنن ابی داود/الصلاة ۱۱۸ (۷۳۷)، (تحفة الأشراف: ۹۲۲۹)، مسند احمد ۱۸۸۸ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1032 \_ صحيح

#### বাংলা

১০৩১. নূহ ইবনু হাবীব (রহ.) ..... 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) আমাদেরকে সালাত শিক্ষা দিয়েছেন। তিনি দাঁড়িয়ে তাকবীর বললেন, যখন তিনি রুকু করতে ইচ্ছা করলেন, উভয় হাত হাঁটুদ্বয়ের মধ্যস্থলে রাখলেন এবং রুকু করলেন। এ সংবাদ সা'দ (রাঃ) এর নিকট পৌছলে তিনি বললেন, আমার ভাই সত্যই বলেছেন। আমরা এরূপ করতাম। এরপর আমরা এরূপ করতে আদিষ্ট হয়েছি অর্থাৎ হাঁটু ধরে রাখতে।

## **English**

1. Clasping One's Hands Together

It was narrated that Abdullah said: The Messenger of Allah (ﷺ) taught us the



prayer. He stood up and said the takbir, and when he wanted to bow, he put his hands together and put his hands between his knees and bowed. News of that reached Sa'd and he said: My brother has spoken the truth. We used to do that, then we were commanded to do this, meaning to hold the knees.

### ফুটনোট

সহীহ: মুসলিম ৫৩৪, আবু দাউদ ৭৪৭, মুসনাদে আহমাদ ৩৯৭৪, সহীহ ইবনু খুযায়মাহ ৫৯৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন